BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
"Made in Bangladesh with Pride"
BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: বিজিএ/কাস/২০২২/১৬২ ২৭ জুলাই, ২০২২

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয় ঃ রপ্তানিকারকগণ কর্তৃক Online Export Monitoring System এ ত্রুটিপূর্ণ ও বিলম্বিত তথ্য প্রদান প্রসঙ্গে।**

**সূত্র নংঃ এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২২-২৯৩৭, তারিখঃ ২৪/০৭/২০২২ইং**

উপরোক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রপ্তানি ব্যবসা সহজীকরণের উদ্দেশ্যে বিগত ০১/০৭/২০১৯ তারিখ হতে রপ্তানিকারকদের ইএক্সপি ফরমে ইলেকট্রনিক উপায়ে রপ্তানির ঘোষণা প্রদান, রপ্তানিকার্য সম্পাদন ও তথ্য রিপোর্ট করার সুযোগ প্রদান করা হয়েছে। এ লক্ষে বাংলাদেশ ব্যাংক কর্তৃক আপনাদের'কে বাংলাদেশ ব্যাংকের Online Export Monitoring System এর ইউজার আইডি ও পাসওয়ার্ড সরবরাহ করা হয়েছে। এতদ্সত্বেও রপ্তানিকারক প্রতিষ্ঠানের প্রতিনিধি কর্তৃক OEMS এ রপ্তানির তথ্য প্রদানকালে নানাবিধ অনিয়ম, অসঙ্গতি, বিলম্ব ও ভুল সংঘটিত হচ্ছে মর্মে বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ তাদের জারীকৃত পত্রে অবহিত করেছে।

এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানের রপ্তানির সঠিক তথ্য রিপোর্টিংয়ে সচেতনতা বৃদ্ধি, রপ্তানি পদ্ধতি, সংশ্লিষ্ট আইন, বিধি ও এতদ্বিষয়ে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা পরিপালনের ব্যাপারে প্রয়োজনীয় প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ এবং সাইবার নিরাপত্তা, ঝুঁকি হ্রাসকরণে বাংলাদেশ ব্যাংক প্রদত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড সাবধানে ব্যবহারের বিষয়টি নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সূত্রোক্ত পত্রটি এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

২৭/৭/২০২২

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

C:\Users\BGMEA\Desktop\162 circular.docx



CamScanner

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

মুজিব শতবর্ষ MUJIB 100

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট
(এক্সপোর্ট ট্রেড শাখা)

সূত্র নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩১/২০২২- ২৯৩৭ তারিখঃ ২৪/০৭/২০২২ ইং

সভাপতি
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ)
বিজিএমইএ কমপ্লেক্স
বাড়ি নং- ৭/৭এ, সেক্টর-১৭
ব্লকঃ এইচ-১, উত্তরা
ঢাকা-১২৩০।

প্রিয় মহোদয়,

**রপ্তানিকারকগণ কর্তৃক Online Export Monitoring System এ ত্রুটিপূর্ণ ও বিলম্বিত তথ্য প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রপ্তানি ব্যবসা সহজীকরণের (Ease of Doing Business) উদ্দেশ্যে বিগত ০১/০৭/২০১৯ তারিখ হতে রপ্তানিকারকদের ইএক্সপি ফরমে ইলেকট্রনিক উপায়ে রপ্তানির ঘোষণা প্রদান, রপ্তানিকার্য সম্পাদন ও তথ্য রিপোর্ট করার সুযোগ প্রদান করা হয়েছে। এ লক্ষ্যে তাদেরকে বাংলাদেশ ব্যাংকের Online Export Monitoring System (OEMS) এর ইউজার আইডি ও পাসওয়ার্ড সরবরাহ করা হয়েছে।

০২) কিন্তু, রপ্তানিকারক প্রতিষ্ঠানের প্রতিনিধি কর্তৃক OEMS এ রপ্তানির তথ্য প্রদানকালে নানাবিধ বিভিন্ন অনিয়ম, অসঙ্গতি, বিলম্ব ও ভুল সংঘটিত হচ্ছে- মর্মে পরিলক্ষিত হয়েছে। এর মধ্যে রয়েছে- একই প্রোফরমা ইনভয়েসের বিপরীতে একাধিক ইএক্সপি ইস্যু করা, ইস্যুকৃত ইএক্সপি'র বিপরীতে রপ্তানিকার্য সম্পাদন হওয়া সত্ত্বেও তা বাতিল করা, বিল অব এক্সপোর্ট ইস্যু হওয়ার পরে বাতিল হওয়া রপ্তানি শিপমেন্টের ক্ষেত্রে কাস্টমসের সাথে যোগাযোগপূর্বক উক্ত বিল অব এক্সপোর্ট ASYCUDA World এ বাতিলের ব্যবস্থা গ্রহণ না করা, অগ্রিম রপ্তানি মূল্য আনয়নের পর সংশ্লিষ্ট রপ্তানি চুক্তি/ঋণপত্রের তথ্য ব্যাংককে যথাসময়ে অবহিত না করা ও দীর্ঘসময় পর্যন্ত রপ্তানিকার্য সম্পাদন না করা, ইএক্সপি ইস্যুকালে রপ্তানির দেশ, মুদ্রা, বিএল নাম্বার, ইনভয়েস নাম্বার, পণ্যের পরিমাণ ইত্যাদি তথ্য সঠিকভাবে রিপোর্ট না করা, রপ্তানিকার্য সম্পাদনের/জাহাজীকরণের ১৪ দিনের মধ্যে এতদ্‌সংক্রান্ত তথ্য রিপোর্ট না করা, ইউজার আইডি বা পাসওয়ার্ড হারিয়ে ফেলা/ভুলে যাওয়া ইত্যাদি।

০৩) এতে রপ্তানিকার্য সম্পাদনে অপ্রয়োজনীয় সময়ক্ষেপণ হচ্ছে এবং বাংলাদেশ ব্যাংকের পক্ষে রপ্তানিকার্য তদারকি করা কষ্টসাধ্য হয়ে উঠেছে। এছাড়া, ব্যবসা সহজীকরণের যে উদ্দেশ্য নিয়ে রপ্তানিকারকদেরকে বাংলাদেশ ব্যাংকের সিস্টেমে প্রবেশাধিকার প্রদান করা হয়েছে, তা ফলপ্রসূ হচ্ছে না। উল্লেখ্য যে, ১৭,০০০ এর অধিক সংখ্যক ইএক্সপি'র ভুল রিপোর্টিং ইতোমধ্যে এ বিভাগ হতে সংশোধন করা হয়েছে। প্রতি মাসে গড়ে দুই শতাধিক রপ্তানিকারকের পাসওয়ার্ড Reset করা হচ্ছে। অনিয়মের পরিমাণ বাড়তে থাকায় ইতোমধ্যে ৫০টি রপ্তানিকারক প্রতিষ্ঠানের OEMS এ প্রবেশাধিকার সাময়িকভাবে বন্ধও করা হয়েছে। এ ব্যাপারে বিভিন্ন সময়ে রপ্তানিকারকদের তাগাদা প্রদান করা হলেও পরিস্থিতির আশানুরূপ উন্নতি হয়নি। সার্বিক বিচারে, গ্রাহক/রপ্তানিকারক পর্যায়ে সচেতনতা সৃষ্টি ও প্রয়োজনবোধে পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদান ব্যতিরেকে এ অবস্থা হতে উত্তরণ সম্ভব নয়- মর্মে প্রতীয়মান হয়।

০৪) এমতাবস্থায়, আপনাদের সদস্য প্রতিষ্ঠানসমূহের মাঝে রপ্তানির সঠিক তথ্য রিপোর্টিংয়ে সচেতনতা বৃদ্ধি, রপ্তানি পদ্ধতি, সংশ্লিষ্ট আইন, বিধি ও এতদ্‌বিষয়ে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা পরিপালনের ব্যাপারে প্রয়োজনীয়

[চলমান পাতা- ০২]

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

মুজিব শতবর্ষ MUJIB 100

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট
(এক্সপোর্ট ট্রেড শাখা)

(পূর্ববর্তী পৃষ্ঠার পর)

**প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ** এবং **সাইবার নিরাপত্তা ঝুঁকি হ্রাসকরণে** বাংলাদেশ ব্যাংক প্রদত্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড সাবধানে ব্যবহারের বিষয়টি নিশ্চিত করার জন্য আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ জানানো হল।

০৫) **জাতীয় রপ্তানির স্বার্থে বিষয়টি জরুরী।**

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মোকাদ্দেম আহামদ)
যুগ্ম-পরিচালক
ফোনঃ +৮৮ ০২ ৫৫৬৬৫০০১-৫/২১১৫১



ফোন ঃ ৮৮-০২-৯৫৫০৪৪৮, ৯৫৫৪৮৯৬, আইপি ঃ ৮৮-০২-৫৫৬৬৫০০১-৬, ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৩০৪৭৯, www.bb.org.bd

CamScanner